গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো**
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
(www.bnfe.gov.bd)

স্মারক: ৩৮.০০.০০০০.৩০৪.১৪.৪৭৯.২০২৫-১৩

তারিখ: ০৬ মাঘ ১৪৩২ বঙ্গা.
২০ জানুয়ারি ২০২৬ খ্রি.

বিষয়: উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র আওতায় পরিচালিত বিশেষ কার্যক্রম: কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ (প্রাক-বৃত্তিমূলক পর্যায়) এর শিক্ষার্থীদের তথ্য অনলাইনে এন্ট্রি প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক মাঠ পর্যায়ে বিশেষ কার্যক্রম : কার্যকর সাক্ষরতা ও ব্যবহারিক কর্মদক্ষতা প্রশিক্ষণ (প্রাক-বৃত্তিমূলক পর্যায়) চলমান রয়েছে। উক্ত কার্যক্রমের প্রশিক্ষণ প্রতিষ্ঠান এবং শিক্ষার্থীদের তথ্য সংগ্রহের লক্ষ্যে উপানুষ্ঠানিক শিক্ষা বোর্ড কর্তৃক প্রণীত সার্টিফিকেট ম্যানেজমেন্ট সফটওয়্যার (CMS) এর মাধ্যমে আগামী ২১-২৯ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে এন্ট্রি সম্পন্ন করতে হবে। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর ওয়েব সাইটের অভ্যন্তরীণ ই-সেবা "বিশেষ কার্যক্রমের শিক্ষার্থীদের তথ্য সংগ্রহ" সংক্রান্ত লিংকে প্রবেশ করে তথ্যাদি এন্ট্রি দিতে হবে। এ সংক্রান্ত বিষয়ে সহকারী পরিচালক (বাস্তবায়ন) এবং সহকারী প্রোগ্রামার উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো সার্বিক সহযোগিতা প্রদান করবেন। উল্লেখ্য, শিক্ষার্থীদের তথ্য প্রাপ্তি নিশ্চিত হলে তাদের রেজিস্ট্রেশন সম্পন্ন করা হবে এবং কোর্স সম্পন্নকারী শিক্ষার্থীদের সনদ প্রদান করা হবে।

০২। এমতাবস্থায়, আগামী ২১-২৯ জানুয়ারি ২০২৬ তারিখের মধ্যে সার্টিফিকেট ম্যানেজমেন্ট সফটওয়্যার (CMS) এর মাধ্যমে প্রশিক্ষণ কেন্দ্রের শিক্ষার্থীদের তথ্য এন্ট্রি প্রদান নিশ্চিত করে অত্র দপ্তরকে অবহিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

দেবব্রত চক্রবর্তী
২০/০১/২০২৬

দেবব্রত চক্রবর্তী
যুগ্মসচিব
মহাপরিচালক
(অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২২৬৬০১১১০

সহকারী পরিচালক
জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
...................... (সংশ্লিষ্ট) জেলা।

কার্যার্থে:

১। পরিচালক (প্রশাসন, প্রশিক্ষণ ও বাস্তবায়ন অর্থ)/পরিচালক (পরিকল্পনা, মনিটরিং ও মূল্যায়ন), উশিব্যু, ঢাকা।
২। উপপরিচালক (বাস্তবায়ন/মনিটরিং), উশিব্যু, ঢাকা।
৪। সহকারী পরিচালক, (বাস্তবায়ন), উশিব্যু, ঢাকা।
৫। সহকারী প্রোগ্রামার, উশিব্যু, ঢাকা।
৬। অফিস কপি।